নারীবান্ধব ওয়ার্ড গড়ে তোলার লক্ষ্যে কাজ করবেন শাহনাজ সুলতানা বনী

কুষ্টিয়া পৌরসভার ১,২ ও নং ওয়ার্ডের সংরক্ষিত নারী আসনের কাউন্সিলর শাহনাজ সুলতানা বনীকে পূর্ণ সমর্থন জানিয়েছেন কুষ্টিয়া শহরের থানা ট্রাফিক মোড়ের শতাব্দী ভবনের ম্যানেজার শেখ নাজিম আহমেদ কামাল।

গতকাল সন্ধ্যায় থানা মোড়ে শতাব্দী ভবনের ম্যানেজারের কক্ষে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মুক্তিযুদ্ধের চেতনায় অবিচল, মাটি ও মানুষের প্রতি অকৃত্রিম ভালবাসা ও সেবার দৃঢ় প্রত্যয় নিয়ে মানুষের ভালবাসার ডাকে সাড়া দিয়ে তিনি আবারও এই পৌরসভা নির্বাচনে প্রার্থী হয়েছেন। নারী কাউন্সিলর হিসেবে তিনি ব্যাপক কাজ করেছেন। শুধু তাই নয়, করোনাকালীন অনেক কর্মহীনদের বাড়ীতে বাড়ীতে গিয়ে খাদ্য সামগ্রী বিতরণ সহ, হ্যান্ড স্যানিটাইজার, সাবাব ও মাস্ক বিতরণ করেছেন।

শাহনাজ সুলতানা বনী জানান, আবারও বিজয়ী হলে নিরাপদ, নারীবান্ধব ওয়ার্ড গড়ে তোলার লক্ষ্যে তিনি কাজ করবেন, বর্তমানে নারীরা বিভিন্ন ধরনের পেশায় যুক্ত থাকায় গতিশীলতা বেড়েছে। তবে নারীরা রাস্তাঘাটে গণপরিবহন, কর্মক্ষেত্রে নিরাপত্তার অভাবে বিভিন্ন সহিংসতার শিকার হচ্ছেন। তিনি সকল নারীদের অধিকার প্রাপ্তিতে, কর্মজীবী নারী-শিশুদের নিরাপত্তা নিশ্চিতের জন্য কাজ করবেন।

তিনি বলেন, কর্মক্ষেত্রে সব জায়গায় সমাজের সর্বস্তরে নারীদের সমান অংশ গ্রহণ নিশ্চিতে কাজ করছে সরকার। কিন্তু নারীদের সাফল্যের জন্য নারীর প্রতি সমাজের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের জন্য নারীর নিজের চিন্তা চেতনাকে বিকশিত করতে হবে। নিজেদের মানুষ হিসেবে ভাবতে হবে। বাংলাদেশকে সোনার বাংলা গড়তে নারী-পুরুষ সবাইকে সমানভাবে কাজ করতে হবে।

কুষ্টিয়া শহরের আমার ওয়ার্ডের প্রতিটি মানুষই আমাকে ভালবাসে, স্নেহ করে। আমি কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালনকালে অসহায়দের পাশে দাঁড়িয়েছি।

তাদের সুখে দুখে সবসময় তাদের পাশে ছিলাম আছি এবং থাকবো। বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপির এই কুষ্টিয়ার উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আবারও নির্বাচন করার সিদ্ধান্ত নিয়েছি এবং নির্বাচনী মাঠে ব্যাপক সাড়া পাচ্ছি। আমি আশা করছি এবারের নির্বাচনেও ভোটাররা আমাকে বিপুল ভোটে অবশ্যই মূল্যায়ন করবেন।

কালীগঞ্জে চাকুরী দেওয়ার নামে যুবককে মারধর, প্রতারক আটক

ঝিনাইদহের কালীগঞ্জে চাকরি দেওয়ার নামে এক যুবককে মারধর করে টাকা নেওয়ার অভিযোগে সাগর হোসেন (৩২) নামে এক প্রতারককে আটক করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার বিকেলে তাকে উপজেলার বলাকান্দর এলাকা থেকে আটক করা হয়।

আটক সাগর হোসেন উপজেলার আড়ুয়াশলুয়া এলাকার দলিল উদ্দিনের ছেলে। ৪নং নিয়ামতপুর ইউনিয়নের চেয়ারম্যান রাজু আহমেদ রনি লস্কর জানান, গতকাল মঙ্গলবার দুপুর ১২ টার দিকে যশোরের চৌগাছা উপজেলার পুড়োপাড়া এলাকার সোহান হোসেন নামে এক যুবককে চাকরি দেওয়ার নাম করে ডেকে আনে সাগর। এরপর বলাকান্দর এলাকার একটি খালপাড়ের বনজঙ্গলের মধ্যে নিয়ে গিয়ে মারধর করে। সেখান থেকে ১২ হাজার টাকা নিয়ে নেয় সাগর।

এরপর সোহানের মায়ের কাছে ফোন দিয়ে বিকাশে ১৫ হাজার টাকা নেয়। সোহান তার বন্ধুদের কাছে চুরি করে ফোন দিয়ে জানালে, তার বন্ধুরা গুগল ম্যাপের মাধ্যমে স্থান শনাক্ত করে ঘটনাস্থলে উপস্থিত হয়। সোহানের বন্ধুদের দেখে সাগর পাশের খালের পানির মধ্যে লাফ দিয়ে পালানোর চেষ্টা করে।

এরপর গ্রামবাসীর সহযোগিতায় তাকে আটক করে পুলিশে সোপর্দ করা হয়। সোহান হোসেন জানায়, চাকরির জন্য টাকা লাগবে। ১/২ দিন সময় লাগবে টাকা দিতে। শুরুতেই ১২ হাজার টাকা দিই। এরপরও বাসায় ফোন করে

টাকার কথা বলি। বাসা থেকে ১৫ হাজার টাকা দেয়। বিভিন্ন কথাবার্তার পর সে জানায় চাকরি হবে না। আমাকে মারধর করে।

এরপর আবারও ২০ হাজার টাকা দাবি করে। তারপর আমি আমার বন্ধুদের আবার ফোন করে জানায়। বন্ধুরা ফোন ট্রাকিং করে আমাকে উদ্ধার করে।
কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, এ ঘটনায় সাগর হোসেন নামে একজনকে আটক করা হয়েছে। থানায় মামলার প্রস্তুতি চলছে।

আলমডাঙ্গায় মন্টু ট্রেডার্স এর বিরুদ্ধে নকল ভুসি তৈরির অভিযোগ

আলমডাঙ্গায় নিম্নমানের ভুসি তৈরির অভিযোগ উঠেছে। পৌর এলাকার মিয়াপাড়ায় গোপন ঘরে চালের গুড়া ও ধানের গুড়া দিয়ে এ নিম্নমানের ভুসি তৈরি করছে বন্ডবিল গ্রামের মিনারুল ইসলাম।

নিম্নমানের এ ভুসি তৈরি করে গবাদি পশু পালন কারীদের কাছে উচ্চ মূল্যে বিক্রয় করে। এতে করে প্রতারিত হচ্ছে সাধারণ জনগণ।

জানা গেছে, আলমডাঙ্গার পৌর এলাকার বন্ডবিল গ্রামের মিনারুল ইসলাম সে দীর্ঘদিন মাছ বাজার প্রাঙ্গণে মেসার্স মন্টু ট্রেডার্স নামের ভুসি মালে ব্যবসা পরিচালনা করে আসছে।

এই সুযোগে মিনারুল গত ২ বছর যাবৎ ধানের গুড়া ও চালের গুড়া মিশিয়ে ভুসি তৈরি করছে। এই কোম্পানির নিম্নমানের ভুসি মার্কেট থেকে সংগ্রহ করে তা মিশিয়ে মেসার্স পদ্মা ফ্লাওয়ার মিলস নারায়ণগঞ্জ বিডিএস নং ৩৯৭ এই কোম্পানির বস্তায় ভর্তি করে তা বাজার জাত করছে। এ নিম্নমানের ভুসি বিক্রয় করে অধিক মুনাফা অর্জন করছে মেসার্স মন্টু ট্রেডার্স এর মালিক মিনারুল ইসলাম।

সূত্র জানায়, মিনারুল ইসলাম দীর্ঘদিন যাবৎ মেয়াদ উত্তীর্ণ নোংরা

ভুসি, ধানের গুড়া ও ময়দা দিয়ে এ ভুসি তৈরি করে। মিনারুল বিভিন্ন মাধ্যমকে ম্যানেজ করে মিয়াপাড়ায় গড়ে তোলে এ অবৈধ ভুসি তৈরির কারখানা। অল্প দামে ভুসি তৈরি করে উচ্চ মূল্যে তা বিক্রয় করে। এখানে তৈরি নকল ভুসি মাছ বাজারের মেসার্স মন্টু ট্রেডার্সে বিক্রয় করে।

এবিষয়ে আলমডাঙ্গা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি বলেন, যদি কেউ আইন ভঙ্গ করে অবৈধ ভাবে গরু ছাগলের খাবার তৈরি করে তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি বলেন, ভোক্তা অধিকার সংরক্ষণ ভঙ্গ করলে তার বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানার আওতায় আনা হবে।

হরিণাকুণ্ডুতে শিতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার জোড়াপুকুরিয়া বৃদ্ধাশ্রম, তাহেরহুদা রামনগর মাদ্রাসা, হরিণাকুন্ডু উন্মেষ গুচ্ছগ্রাম ও ভূমিহীন সরকারি উপকারভোগীদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করলেন হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা।

গতকাল বিকালে এই কর্মসূচী পালন করা হয়। এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রাজিয়া আক্তার চৌধুরী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসাইনসহ বিভিন্ন এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

কম্বল বিতরণ কালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রধান মন্ত্রীর ত্রাণ তহবীল থেকে হতদরিদ্র ছিন্নমূল, প্রতিবন্ধী ও অসহায় শিতার্ত মানুষের জন্য যে শীতবস্ত্র পাওয়া যাবে তা ডিসি মহোদয়ের মাধ্যমে সাথে সাথে তাদের মাঝে বিতরণ করা হবে।

কালীগঞ্জে ট্রাফিক আইনে অনিহা যানবাহন চালকদের, যত্রতত্র পার্কিং!

ঝিনাইদহের কালীগঞ্জ ও আশপাশের বিভিন্ন সড়ক, মহাসড়ক ও বাসস্ট্যান্ড ঘুরে দেখা গেছে অধিকাংশ যানবাহন চালক ট্রাফিক আইন সম্পর্কে সচেতন নন। অথবা ট্রাফিক আইন সম্পর্কে অজ্ঞ।

চালকেরা আইন না মেনে রাস্তার উপরে যানবাহন থামিয়ে যাত্রী ওঠানো নামানো করছেন। নির্দিষ্ট স্থান ব্যতীত মহাসড়কের উপরে যানবাহন পার্কিং করছে। কালীগঞ্জ বাসস্ট্যান্ডে তিনটি জেব্রা ক্রসিং থাকলেও পথচারীরা যত্রতত্র ভাবে ঢাকা-খুলনা জাতীয় মহাসড়ক পার হচ্ছেন।

যার ফলে প্রায়শই এই সড়কে ঘটছে ছোট বড় দুর্ঘটনা। মাত্র একজন ট্রাফিক পুলিশ থাকায় তার পক্ষেও ট্রাফিক নিয়ন্ত্রণ করা অনেকসময় কঠিন হয়ে পড়ে।

কালীগঞ্জে বিভিন্ন সময়ে নিরাপদ সড়ক চাই (নিসচা) কালীগঞ্জ শাখা, বারবাজার হাইওয়ে থানা, কালীগঞ্জ পৌরসভাসহ বিভিন্ন সংগঠন চালক ও পথচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষে মানব বন্ধন, লিফলেট বিতরণ, মাইকিংসহ নানাবিধ সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। তারপরও যে এক নিরব অনীহা রয়েছে যানবাহন চালকদের মাঝে।

এ বিষয়ে নিসচা কালীগঞ্জ শাখার আহবায়ক শিপলু জামানের কাছে জানতে চাইলে তিনি বলেন “আমাদের শাখার সকল সদস্য ট্রাফিক আইন সম্পর্কে সচেতন এবং তারা সর্বদা নিজেদের সাধ্যমত চালক ও জনসাধারণকে এ বিষয়ে সচেতন করে যাচ্ছে”।

কালীগঞ্জ মটর মালিক সমিতির সহ-সাধারণ সম্পাদক সদর উদ্দিনের কাছে তাদের গৃহীত উদ্যোগ সম্পর্কে জানতে চাইলে তিনি জানান “সমিতির পক্ষ থেকে সকল চালক ও স্টাফদেরকে ট্রাফিক আইন মেনে চলার জন্য বলা হয়েছে”।

মুজিবনগরে নবগঠিত উপজেলা নবীন লীগের পুষ্পমাল্য অর্পণ

মুজিবনগর কমপ্লেক্সের মেন গেট থেকে আনন্দ র্যালীর মধ্যে দিয়ে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করেছে মুজিবনগর নবগঠিত উপজেলা নবীন লীগ।

গতকাল মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা নবীন লীগের সাংগঠনিক সম্পাদক এবং মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের দপ্তর সম্পাদক সাইম খন্দকার নেতৃত্বে এ পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এ সময় নবগঠিত কমিটির মুজিবনগর উপজেলা সভাপতি ইব্রাহীম বিশ্বাস হামিম, সহ-সভাপতি শ্রী রাখেশ কুমার, সাধারণ সম্পাদক শাকিব আহম্মেদ, যুগ্ম-সাধারণ সম্পাদক রনি বিশ্বাস, দপ্তর সম্পাদক হাসান আলী, ছাত্রলীগ নেতা মোমিন হোসেন সাব্বির, আশিক, সোহান, সাফিন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ১৭ ডিসেম্বর মেহেরপুর জেলা নবীন লীগের সভাপতি কাউসার আলী ও সাধারণ সম্পাদক আব্দুস সামাদ এ কমিটির অনুমোদন দেন।

শৈলকুপার বিভিন্ন বেসরকারি ক্লিনিক পরিদর্শন করলেন সিভিল সার্জন

ঝিনাইদহের শৈলকুপার বিভিন্ন বেসরকারি ক্লিনিক ও সিসি পরিদর্শন করলেন সিভিল সার্জন সেলিনা বেগম।

গতকাল সকাল ১১ টার সময় প্রথমে শৈলকুপার লাঙ্গলবাঁধ বাজারের নিউ লাঙ্গলবাঁধ (প্রাঃ) হাসপাতাল, শান্তনু ডায়াগনস্টিক সেন্টার ও মা কেয়ার হাসপাতাল পরিদর্শন করেন।

তিনি হাসপাতাল পরিদর্শনকালে ঠিকভাবে হাসপাতাল পরিচালনা করার জন্য মালিকদের উদ্দেশ্যে বিভিন্ন দিক নির্দেশনা দেন। তিনি সবাইকে সরকারি নিয়মনীতি মেনে চলার পরামর্শ দেন।

এর পর শৈলকুপার চরডাউটিয়া সিসি, বরিয়া সিসি ও সাধুহাটি সিসি পরিদর্শন করেন, পরিদর্শনকালে বিভিন্ন সিসিতে কর্মরত স্টাফদের উদ্দেশ্যে রোগীদের ঠিকভাবে সেবা প্রদানের ব্যাপারে দিক নির্দেশনা দেন ও সিসি পরিদর্শন খাতায় স্বাক্ষর করেন।

এসময় সাথে ছিলেন সিভিল সার্জন অফিসের স্টেনো মোঃ নজরুল ইসলাম।

শৈলকুপায় জমি নিয়ে বিরোধে আহত ব্যক্তির মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপায় জমি নিয়ে বিরোধে রব মোল্লা নামে এক আহত ব্যক্তির মৃত্যু হয়েছে। নিহত ব্যক্তি জালশুকা গ্রামের সাবেক ইউ পি সদস্য আবুল মোল্লার ছেলে।

জানা যায়, সোমবার সকালে রব মোল্লাকে কুপিয়ে আহত করে প্রতিপক্ষরা এরপর আশংকাজনক অবস্থায় কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি হয় এবং ১ দিন পর গতকাল সকালে তার মৃত্যু হয়।

রব মোল্লার বোন সুরুজা খাতুন জানান, তার পিতার ভোগ দখলে থাকা মাঠের কয়েক শতক জমি একই গ্রামের বুদো মোল্লা দখল করে নেয়। সোমবার সকাল ৭টার দিকে আমার পিতা আবুল মোল্লা জমিটা দেখতে গেলে বুদো মোল্লা ও তার ছেলে শওকত মোল্লা এবং হযরত মোল্লা ধারালো অস্ত্র দিয়ে জমিতে কুপিয়ে গুরুত্বর জখম করে।

সে সময় আমার পিতাকে রক্ষা করতে ভাই রব মোল্লা এগিয়ে গেলে তাকেও কুপিয়ে আহত করে তারা। তাদের উদ্ধার করে শৈলকুপা স্বাস্থ্য

কমপ্লেক্সে নিয়ে গেলে তাদের অবস্থা আশংকাজনক হওয়ায় কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। গতকাল সকালে আমার ভাই রব মোল্লার মুত্যু হয়।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আলম জানান, উপজেলার জালশুকা গ্রামে জমি নিয়ে বিরোধে রব মোল্লা নামে এক আহত ব্যক্তির মৃত্যু হয়েছেন। থানায় মামলা হয়েছে, দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

শৈলকুপায় আওয়ামী লীগ নেতার বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার: আটক ২

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যানের বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। এসময় আটক করা হয়েছে ২ কারিগরকে।

শৈলকুপা উপজেলার ১০নং বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের বগুড়া গ্রামের বাড়ি থেকে গতকাল এসব উদ্ধার করা হয়। উদ্ধার করা দেশীয় অস্ত্রের মধ্যে রয়েছে ৪৭টি সড়কি, ১৯টি ঢাল ও ১১/১৩ কেজি বেতসহ এসব তৈরির অন্যান্য সরঞ্জাম।

এলাকাবাসী ও পুলিশ জানিয়েছে, শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নে প্রায়শ্বই দেশীয় অস্ত্র ঢাল-সড়কি, তরবারি নিয়ে হানাহানি ও ক্যাইজা-দাঙ্গা চলে আসছে। গ্রাম্য দলাদলী, জমি নিয়ে বিরোধ ও আধিপত্য বিস্তার নিয়ে এসব অস্ত্র-শস্ত্র ব্যবহার করা হয়। এতে করে হতাহত, বাড়িঘর-ভাঙচুর, লুটপাট ও আইনশৃঙ্খলার অবনতি ঘটে আসছে।

শৈলকুপায় পৌর নির্বাচন, উপজেলা পরিষদ নির্বাচন ও ইউপি নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে তৎপর রয়েছে থানা পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে থানা পুলিশের সহযোগীতায় শৈলকুপার হাটফাজিলপুর ক্যাম্প পুলিশ গতকাল এক অভিযানে

নেমে এসব দেশীয় অস্ত্র উদ্ধার করতে সক্ষম হয়।

শৈলকুপার হাটফাজিলপুর পুলিশ ফাঁড়ির আইসি এসআই ফারুক হোসেন জানান, বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান নজরুল ইসলামের বগুড়া গ্রামের পুরাতন বাড়ি থেকে এসব দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। এসময় ২জন কারিগরকে ঘটনাস্থল থেকে আটক করা হয়।

এদিকে এ ঘটনা সম্পর্কে শৈলকুপার বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা নজরুল ইসলামের সাথে বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি তার মোবাইল ফোন রিসিভ করেননি।

গাংনীর বিভিন্ন দোকানে তামাক কোম্পানীর অফার

গাংনীতে বিভিন্ন দোকানে প্রচার করা হচ্ছে তামাক ও তামাকজাত পণ্যের। দোকানে দোকানে সাঁটানো হচ্ছে প্রচারণার লিফলেট ও হ্যান্ডবিল। তামাক ব্যবহারকারিদের দেয়া হচ্ছে বিভিন্ন ধরনের উপঢৌকন।

তামাকজাত দ্রব্যের প্রচারণার ক্ষেত্রে বিভিন্ন এনজিও সতর্কতামূলক লিফলেট, হ্যান্ডবিল ও সভা-সেমিনার অব্যাহত রাখলেও বিভিন্ন কোম্পানী কৌশলে এ প্রচার প্রচারণা চালিয়ে জনগণকে উদ্বুদ্ধ করছে।

ফলে সরকারের নানাবিধ পদক্ষেপ কোনো কাজে আসছেনা। কার্যকর তামাক নিয়ন্ত্রণে তামাকজাত দ্রব্যের উপর কর বৃদ্ধি করা হলে তামাকজাত দ্রব্যের ব্যবহার কমে আসবে বলে মন্তব্য করেন অনেকে।

তবে তামাক নিয়ন্ত্রণ সংগঠন এবং রাষ্ট্রের কল্যাণ প্রত্যাশী নীতি নির্ধারক ও জনপ্রতিনিধীরা তামাকজত দ্রব্যের উপর কর বৃদ্ধির দাবী জানিয়ে আসলেও প্রতিবছর তামাক কোম্পানীগুলো তামাকজাত দ্রব্যের উপর কর বৃদ্ধি প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে গ্রহণ করে নানা কৌশল।

বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশে তামাকের ব্যবহার কমিয়ে আনতে সহজ ও শক্তিশালী একটি কর নীতি প্রণয়নের প্রত্যয় ব্যক্ত করেছেন। সে লক্ষ্যে মেহেরপুরের গাংনী উপজেলায় সরকারি পদক্ষেপ বাস্তবায়ন করতে মাঠ পর্যায়ে কাজ করছে শানঘাট পল্লী উন্নয়ন সংস্থা ও আশ্রয় সমাজ কল্যাণ সংস্থা।

তামাকজাত দ্রব্যের ব্যবহারের কুফল সম্পর্কিত প্রচার প্রচারণাসহ সভা-সেমিনার অব্যাহত রেখেছে। তবে তামাকজাত দ্রব্যের নিয়ন্ত্রণ বিষয়ে যে আইন রয়েছে তা ঠিক ভাবে বাস্তবায়ন করা হলে তামাকজাত দ্রব্যের ব্যবহার কমবে বলে জানান, শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী মহিবুল ইসলাম।

আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক তৌহিদ উদ দৌলা রেজা বলেন, বিভিন্ন তামাক কোম্পনীর মিথ্যা তথ্যের কারণে শুল্ক বৃদ্ধি বাধাগ্রস্থ হচ্ছে। শুল্ক বৃদ্ধি করা হলে এবং আইনের কিছুটা প্রয়োগ হলে তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণে আসবে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা রিয়াজুল আলম বলেন, তামাক ব্যবহারের ফলে ফুসফুসে ক্যানসারসহ নানা রোগে মানুষ মারা যাচ্ছে, সেই সাথে শ্বাসকষ্টজনীত রোগীর সংখ্যা দিনদিন বাড়ছে। তামাকজাত দ্রব্যের আইন প্রয়োগ জোরদার করা হলে ব্যবহার কমবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন, যে সকল দোকানে তামাকজাত দ্রব্যের প্রচারণার উদ্দেশ্যে লিফলেট বা পোস্টার লাগানো হয়েছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে এবং সরকারি নীতি অনুযায়ী কোম্পানীর বিরুদ্ধেও যথাযথ ব্যবস্থা নেয়া হবে।